# বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ)
BANGLADESH MEDICAL ASSOCIATION (BMA)

সভাপতি
ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন

মহাসচিব
ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী


স্মারক নং-বিএমএ/২০২০/৮০৫ তারিখঃ ১৯/০৬/২০২০খ্রিঃ

## কেন্দ্রীয় কার্যকরী পরিষদ সভার কার্যবিবরণী

**আলোচ্য বিষয়: বিএমএ আজীবন সদস্য ও বাগেরহাট ম্যাটস এর অধ্যক্ষ ডা. মোঃআব্দুর রকিব খান এর উপর সন্ত্রাসী হামলা ও মৃত্যু প্রসঙ্গে।**

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন কেন্দ্রীয় কার্যকরী পরিষদ (২০১৭-২০১৮ বর্ষ) এর এক জরুরী সভা ১৭-০৬-২০২০ খ্রিঃ তারিখ বুধবার রাত ০৮:০০ টায় অনলাইনের মাধ্যমে অনুষ্ঠিত হয় ।

সভায় সভাপতিত্ব করেন বিএমএ সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন ও পরিচালনা করেন বিএমএ মহাসচিব ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী।

সভার শুরুতে সন্ত্রাসী হামলায় নিহত খুলনা বিএমএ'র আজীবন সদস্য ও বাগেরহাট ম্যাটস এর অধ্যক্ষ ডা. মোঃ আব্দুর রকিব খান এবং এ যাবৎকাল করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী ৪১ জন চিকিৎসকের বিদেহী আত্মার শান্তি কামনা ও এক হাজারের বেশি করোনা আক্রান্ত চিকিৎসকদের রোগমুক্তি কামনায় দোয়া করা হয়।

সভায় **ডা. মোঃআব্দুর রকিব খান** হত্যাকান্ড বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং রাত ১০টায় সভার সভাপতি আগামী ১৯-০৬-২০২০ খ্রিঃ শুক্রবার বিকাল ০৩:০০টা পর্যন্ত সভা মুলতুবি ঘোষণা করেন।

১৯-০৬-২০২০ খ্রিঃ শুক্রবার বিকাল ০৩:০০টায় এসোসিয়েশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন এর সভাপতিত্বে সভা পুনরায় শুরু হয়। সভায় দীর্ঘ আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

### সভার সিদ্ধান্ত সমূহঃ

১. ডা. মোঃ আব্দুর রকিব খান হত্যা মামলা দ্রুত বিচার আইনের আওতায় সম্পন্ন করতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে স্মারকলিপি প্রদান ।

২. ডা. মোঃ আব্দুর রকিব হত্যা মামলার আলামত নষ্ট করার ঘৃণ্য মানসে ৩৬ ঘন্টা বিলম্বে মামলা গ্রহণ ও বাদীকে হয়রানি করার অপরাধে আগামী ৭২ ঘন্টার মধ্যে খুলনা সদর থানার ওসিকে প্রত্যাহার ও তাকে বিভাগীয় শাস্তি প্রদানের জন্য স্বরাষ্ট্র মন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান।


বিএমএ ভবন, ১৫/২ তোপখানা রোড, ঢাকা-১০০০, ফোনঃ+৮৮-০২-৯৫৬৮৭১৪, ৯৫৬২৫২৭ ফ্যাক্সঃ +৮৮-০২-৯৫৬৬০৬০
E-mail: bma.org.bd@gmail.com, Web: www.bma.org.bd, facebook.com/ CentralBMA2017

৩. ডা. মোঃ আব্দুর রকিব খান হত্যার প্রতিবাদে আগামী ২১/০৬/২০২০ রবিবার থেকে ২৩/০৬/২০২০ মঙ্গলবার পর্যন্ত বাংলাদেশের সকল স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে চিকিৎসকদের কালোব্যাজ ধারণ এবং দেশের সকল স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে কেন্দ্রীয় বিএমএ'র ন্যায় একই ধরনের ব্যানার প্রদর্শন।

৪. দেশের সকল স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে একযোগে আগামী ২১/০৬/২০২০ রবিবার দুপুর ১২ টায় ২ মিনিটের জন্য দাঁড়িয়ে নীরবতা পালন ও সন্ত্রাসীদের হাতে নিহত ডা. মোঃ আব্দুর রকিব খানের আত্মার শান্তি কামনা ও দোয়া অনুষ্ঠান।

৫. ডা. মোঃ আব্দুর রকিব খান হত্যায় চলমান মামলার যাবতীয় কার্যক্রম বিএমএ খুলনা শাখা নিয়মিত ভাবে পর্যবেক্ষণ করবে প্রয়োজনে কেন্দ্রীয় বিএমএ এ ব্যাপারে সহযোগীতা করবে।

৬. আগামী ৭২ ঘন্টার মধ্যে ডা. মোঃ আব্দুর রকিব খান হত্যার সাথে জড়িত সকল আসামি গ্রেফতার ও খুলনা সদর থানার ওসি প্রত্যাহার করা না হলে কেন্দ্রীয় বিএমএ পুনরায় জরুরী সভা আহ্বান করে পরবর্তী কর্মসূচি ঘোষণা করবে।

৭. বাংলাদেশের চিকিৎসক ও চিকিৎসাসেবা প্রতিষ্ঠানের নিরাপত্তা নিশ্চিত করতে অনতিবিলম্বে "বিদ্যমান সংক্রমন আইনের" অধীনে চিকিৎসক সুরক্ষা আইন প্রণয়ন/অধ্যাদেশ জারির দাবীতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান।

৮. আগামী ৭২ ঘন্টার মধ্যে করোনায় আক্রান্ত চিকিৎসকদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে পৃথক হাসপাতাল বরাদ্দের দাবীতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।

ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন
সভাপতি
বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন

ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী
মহাসচিব
বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন